



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/৫৪৪

তারিখ : ১৬/০৪/২০২৩

বিষয় : বিদ্যালয়ের নিরাপত্তাকর্মী (বরখাস্তকৃত) জনাব মো: আরিফ খান-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

- সূত্র : (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ১৯/১০/২০২২ তারিখের আবেদন।  
(২) বোর্ডের বিদ্যালয় উপ-পরিদর্শক জনাব মো: আরিফুল হক-এর ২৯/১২/২০২২ তারিখের তদন্ত প্রতিবেদন।  
(৩) বোর্ডের ১৯/০৩/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।  
(৪) ১৯/০৩/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ০৬/০৪/২০২৩ তারিখের ২২৬ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের নিরাপত্তাকর্মী (বরখাস্তকৃত) জনাব মো: আরিফ খান- এর চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগসমূহ বিস্তারিত আলোচনা, তথ্য উপাত্ত বিশ্লেষণ করে তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে ১৯/০৩/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি প্রমাণিত না হওয়ায় তাঁকে অভিযোগ থেকে অব্যাহতি-সহ স্বপদে পুনর্বহালের জন্য সুপারিশ করা হয় এবং ০৬/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিত ২২৬ তম বোর্ড সভায় বিদ্যালয়ের নিরাপত্তাকর্মী (বরখাস্তকৃত) জনাব মো: আরিফ খান-কে স্বপদে পুনর্বহাল করার বিষয়টি অনুমোদন লাভ করে।

এমতাবস্থায়, পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে নিরাপত্তাকর্মী (বরখাস্তকৃত) জনাব মো: আরিফ খান-কে স্বপদে পুনর্বহাল করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩

প্রাপক: সভাপতি, ম্যানেজিং কমিটি

নলুয়া বাছেত খান উচ্চ বিদ্যালয়

নলুয়া, সখিপুর

টাঙ্গাইল

মেমো নং- ৫৪৪(১১)

তারিখ : ১৬/০৪/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৬। প্রধান শিক্ষক, নলুয়া বাছেত খান উচ্চ বিদ্যালয়, নলুয়া, সখিপুর, টাঙ্গাইল।
- ৭। জনাব মো: আরিফ খান, নিরাপত্তাকর্মী, নলুয়া বাছেত খান উচ্চ বিদ্যালয়, নলুয়া, সখিপুর, টাঙ্গাইল।
- ৮। ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক।
- ৯। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

*(Signature)*

সচিব ১৬/৪/২৩

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

*(Signature)*  
১৬/০৪/২০২৩